

## ইচ্ছিমতির চর

গঞ্জের ছলে বৈশাখের মেঘ বেজে উঠলো দরজায়  
দূর সম্পর্কের সাতটি ডালে তখন সন্ধ্যা নামছে  
ইচ্ছিমতির ভিতর বাহির জ্বলছে আমার পাঁজরায়  
লবণান্ত আশায় আশায় মন অপলক চাইছে

তুমি এসে বৃষ্টি পড়ুক ইচ্ছিমতির চরে  
পাপ ও পুণ্য মেঘ ও মল্লার সব তোমারই পানীয়  
বাঁচামরা দৈনিকে থাক আশানুরূপ শস্য  
আমার সঙ্গে নিষিদ্ধ রাত জাগবে কিনা জানিও

অনিন্দ্য চাকি

